চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৫ মার্চ ২০১৭ খ্রি.

স্থানীয় সরকার আইন অনুযায়ী বৈধ ও আইনগত কার্যক্রম সমূহ জনগন কর্তৃক মেনে চলার জন্য সিটি গভর্নেন্স প্রকল্পের সহযোগিতায় চসিকের আয়োজনে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে প্রচার কার্যক্রম উদ্বোধন করলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন

জাইকার অর্থায়নে সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ১৫ মার্চ ২০১৭ খ্রি. বুধবার, সকালে নগর ভবন থেকে স্থানীয় সরকার আইন অনুযায়ী বৈধ ও আইনগত কার্যক্রম সমূহ জনগন কর্তৃক মেনে চলার জন্য জনসচেতনতা বৃদ্ধির লক্ষে প্রচার কার্যক্রম উদ্বোধন করলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। ট্রাফিক আইন মেনে চলা, সময়মত পৌরকর প্রদান, বাল্য বিবাহ বন্ধ, জঙ্গী দমনে সহায়তা প্রদান, সময়মত পানির বিল পরিশোধ, ব্যবসা পরিচালনার পূর্বে ট্রেড লাইসেন্স গ্রহন, বিল্ডিং কোড মেনে বাড়ী নির্মাণ, নির্ধারিত স্থানে ময়লা আবর্জনা ফেলা, খোলা জায়গায় মল-মূত্র ত্যাগ না করা, রাস্তার উপরে কোন ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করে জনগনের চলাচলে বাধা প্রদান না করা, নির্মাণ সামগ্রী রাস্তার উপর রেখে জনসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টি না করা, শিশুদের নিয়মিত টিকা দেয়া, বৃক্ষ রোপন করা, শিশুদের সময়মত স্কুলে পাঠানো ইত্যাদি শ্লোগান সম্বলিত ব্যানার, ফেষ্টুন, প্লে কার্ড, মাইক প্রচার এর মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হয়। র‌্যালী ফেষ্টুন উড়িয়ে উদ্বোধন করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি র‌্যালীতে নেতৃত্ব দেন। র‌্যালীটি নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে প্রেস ক্লাব চত্বর হয়ে পুনরায় নগরভবনে সমাপ্ত করা হয়। র‌্যালীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র জোবাইরা নার্গিস খান, কাউন্সিলর নাজমুল হক ডিউক, এইচ এম সোহেল, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভিন জেসি, আবিদা আজাদ, আঞ্জুমান আরা বেগম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া শিরিন, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, নির্বাহী ম্যাজিস্ট্রেট যুথিকা সরকার, সিজিপি প্রকল্প পরিচালক মোহাম্মদ শাহজাহান মোল্লা, সিনিয়র গভর্নেন্স স্পেশালিষ্ট মো. সাইদুর রহমান, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগী ও শাখা প্রধানগন সহ বিভিন্ন শ্রেণি ও পেশার নাগরিক, ছাত্র ও যুবসম্প্রদায় মিছিলে উপস্থিত ছিলেন। এ ছাড়াও সিজিপি এর মো. চুন্নু হোসেন, মো. ওবায়দুর রহমান, নুসরাত জাহান, আকিব রেজা আবির, মো. মাহফুজুর রহমান সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-১৫ মার্চ ২০১৭ খ্রি.

পাবলিক টয়লেট সংক্রান্ত বিষয়ে দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র এবং ওয়াটার এইড বাংলাদেশের যৌথ আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত পাবলিক টয়লেট প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়ে ১৫ মার্চ ২০১৭ খ্রি. সকালে নগরভবনে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র এবং ওয়াটার এইড বাংলাদেশের যৌথ আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। কর্মশালায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। কর্মশালায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন। কর্মশালায় ঢাকা সিটি কর্পোরেশনে প্রতিষ্ঠিত পাবলিক টয়লেটের নানা দিক এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনে পাবলিক টয়লেট স্থাপনের

কর্মপরিকল্পনার সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন ওয়াটার এইড এর প্রজেক্ট ম্যানেজার এ বি এম মোবাশ্বের হোসেন এবং প্রোগ্রাম অফিসার সাইফ মনসুর আল ইসলাম। এ ছাড়াও বিভিন্ন বিষয়ের উপরে আলোকপাত করে মতামত উপস্থাপন করেন সিডিএ এর চিফ টাউন প্লেনার শাহিনুর ইসলাম খান, ওয়াসার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. নজরুল হক, ওয়াটার এইড এর ডাইরেক্টর মো. লেয়াকত আলী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডিএসকে'র যুগ্ম পরিচালক মো. আবদুল হাকিম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মোহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, স্থপতি এ কে এম রেজাউল করিম। কর্মশালার প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় জনপ্রতিনিধিদের সহযোগিতায় পাবলিক টয়লেট ব্যবস্থাপনা কার্যক্রমে ওয়াটার এইড এবং ডিএইচকে এগিয়ে আসায় তাদেরকে অভিনন্দন জানান। মেয়র বলেন, সকল ধরনের সংকির্ণতা পরিহার করে গণমাধ্যম সহ সমাজের সকল শ্রেণী ও পেশার জনগন এগিয়ে এলে জনপ্রতিনিধিদের দায়িত্ব পালন করা সম্ভব হয়। মেয়র প্রাথমিক পর্যায়ে লালদিঘী এবং বড়পুল এলাকায় ২টি আধুনিক পাবলিক টয়লেট স্থাপন করার জন্য ডিএসকে এবং ওয়াটার এইডকে অনুমতি প্রদান করেন। তিনি আশা করেন, নগরীর ৪১টি ওয়ার্ডে আধুনিক পাবলিক টয়লেট স্থাপিত হলে নগরবাসী উপকৃত হবে। উল্লেখ্য যে, ওয়াটার এইড ও ডিএসকে কর্তৃক ৪০ লক্ষ টাকা ব্যয়ে লালদিঘীর পাবলিক টয়লেট নির্মাণে ড্রইং, ডিজাইন ও আনুসাঙ্গিক বিষয়াধি কর্মশালায় উপস্থাপন করা হয়।

চট্টগ্রাম-১৫ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়রের সাথে এনইউপিআরপি এবং ইউএনডিপি প্রতিনিধি দলের সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় বস্তি উন্নয়ন প্রকল্পে কাজ করার লক্ষে এনইউপিআরপি এবং ইউএনডিপি প্রতিনিধি দল আজ ১৫ মার্চ ২০১৭ খ্রি. দুপুরে চসিক সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে সাক্ষাত করেন। সাক্ষাতে তারা বস্তি উন্নয়ন প্রকল্পে কাজ করার লক্ষ্যে সিটি মেয়রের সার্বিক সহযোগিতা কামনা করেন। মেয়র বলেন, বাণিজ্যিক রাজধানী চট্টগ্রাম এর উন্নয়ন মানে বাংলাদেশের উন্নয়ন। দেশের রাজনীতি, অর্থনীতি, শিল্প, বাণিজ্য এবং ভৌগলিক অবস্থানের কারনে চট্টগ্রাম এর গুরুত্ব অপরিসীম। মেয়র নগরীর নিম্ন আয়ের জনগোষ্ঠির জীবন মান উন্নয়নে এনইউপিআরপি এবং ইউএনডিপি'র সহযোগিতা কামনা করে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।এসময় এনইউপিআরপি এবং ইউএনডিপি প্রতিনিধি দল এর জন উইলিয়াম টেইলর,শাহিন পারভেজ, এস এম আবদুল্লাহ আল মাসুম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জহুরুল আলম জসিম,সাইয়্যেদ গোলাম হায়দার মিন্টু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, প্রধান নগর পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, সিনিয়র বস্তি উন্নয়ত কর্মকর্তা সনজিত কুমার দাশ, বস্তি উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন আলি সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-১৫ মার্চ ২০১৭ খ্রি.

শিক্ষা ও স্বাস্থ্য,সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার,নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায় জাতির পিতার জন্মদিন ও স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত

১৫ মার্চ ২০১৭ খ্রি. দুপুরে নগর ভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য,সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার,নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সমূহের সভা সংশ্লিষ্ট কমিটির সভাপতির সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, কাউন্সিলর নাজমুল হক ডিউক, মো. সলিম উল্লাহ বাচ্চু, এম আশরাফুল আলম, জোবাইরা নার্গিস খান, হাজী মো.

হারুন উর রশিদ, মাজহারুল ইসলাম চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, তৌফিক আহমদ চৌধুরী, ফারজানা পারভীন, আবিদা আজাদ, সদস্য সচিব প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। সভায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন এবং ১৭ মার্চ ২০১৭ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ ৪৭তম মহান স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের কর্মসূচী গ্রহণ করা হয়।

চট্টগ্রাম-১৫ মার্চ ২০১৭ খ্রি.

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০১৭ উদযাপন করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ১৭ মার্চ ২০১৭ খ্রি. শুক্রবার ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। এর মধ্যে সকাল ৯.০০ টায়, নগর ভবন বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৯.১৫ টায়, চসিক, কেবি আবদুচ ছত্তার মিলনায়তন খতমে কুরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত এবং সকাল ৯.৩০ টায় ডিসি হিল চত্বর শিশু-কিশোর সমাবেশ ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে কেক কাটা ও ফেষ্টুন, বেলুন উড়ানো এবং আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

চট্টগ্রাম-১৫ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন সিটি গভর্নেন্স প্রজেক্ট কার্যক্রমের আওতায় ছাত্র-ছাত্রীর মাঝে বই,ব্যাগ ও জুতা বিতরণ কর্মসূচী গ্রহণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন সিটি গভর্নেন্স প্রজেক্ট কার্যক্রমের আওতায় নগরীর ১০ টি বস্তির ৩০০ জন ছাত্র-ছাত্রীর মাঝে বই,ব্যাগ ও জুতা বিতরণ কর্মসূচী ১৬ মার্চ ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, দুপুর ১২ টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা